

## তোমাকে বুঝি কবিতা ছাড়াই

লরেন্স ব্যারেল



(আল নোমান শামীম-এর শত্রুপক্ষের কবিতা)

কবিতা বলে

আশ্বিনের শুভ মেঘে তোমার বসতবাড়ি,

আমি বলি

আশ্বিন নয়, মেঘ নয়

আমার নড়বড়ে ঘরেই তোমার খুনসুটি।

কবিতা বলে

তোমার হাতে চাঁদ ও সূর্যের বিলাসী প্রপাত চলে সকাল সন্ধ্যা,

আমি বলি

চন্দ্র সূর্য্য ওসব কিছু নয়

যতোটুকু জোছনা ছোঁয়া যায়

যতোটুকু উত্তাপে আমি জেগে উঠি

ভিজি আদিগন্ত

পাপ পুণ্যের অনিবার্য সীমানা আঁকি ঘরে বাইরে

তার সবটুকুই তুমি।

আমি তোমাকেই বুঝি

এবং কবিতার পংক্তি ছাড়াই।

আবেগের জোয়াল কাঁধে নিয়ে- কে একজন

তোমাকে কবিতায় স্নান করায়

সে আর যাই হোক, প্রেমিক নয়

প্রেমময় শব্দাবলী।